

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd


স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-১০৪

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় সুপারিশকৃত শিক্ষকদের অন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিস্থাপন।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় শিক্ষা প্রতিষ্ঠানের ভুল চাহিদার কারণে যোগদান করতে পারেননি, যোগদান করেও এমপিও ভুক্ত হতে পারেননি, এমপিও পদে আবেদন করে নন-এমপিও পদে সুপারিশ প্রাপ্ত হয়েছেন, শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের কারণে নিয়োগে নিষেধাজ্ঞা থাকায় যোগদান করতে পারেননি এরূপ প্রার্থীদের মধ্যে ০৪ (চার) জনকে নিয়োগ সুপারিশের মাধ্যমে MPO পদে প্রতিস্থাপন করা হলো। সুপারিশপ্রাপ্ত প্রার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে SMS এর মাধ্যমে অবহিত করা হয়েছে। সংশ্লিষ্ট প্রার্থীকে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে NTRCA-এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ৩য় গণবিজ্ঞপ্তি সেবাবক্সের প্রতিস্থাপন মেন্যুতে অথবা সরাসরি ngiresult.teletalk.com.bd Link-এ Click করে ফলাফল দেখতে পাবেন। সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণ উক্ত লিংক থেকে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোডপূর্বক প্রিন্টেড কপি নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সুপারিশপত্রে উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।


(এ বি এম শওকত ইকবাল শাহীন)

সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান (অতিরিক্ত দায়িত্ব)
এনটিআরসিএ, ঢাকা
ফোনঃ ৪১০৩০০৪৭।